তারিখ ... 17 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

দৈনিক
ইত্তেফাক

# নারীশিক্ষা

মানুষের মনুষ্যত্ব বিকাশের জন্য প্রয়োজন শিক্ষা। এই শিক্ষা আমরা পাই পরিবার থেকে। মা-ই হচ্ছে এর প্রধানশিক্ষক। মা শিক্ষিত হলে সন্তান শিক্ষিত হবে, হবে জাতি শিক্ষিত। কিন্তু একবিংশ শতাব্দীতেও নারীরা শিক্ষা থেকে বঞ্চিত। পুরুষ শাসিত সমাজ নারীদেরকে তাদের অধিকার থেকে বঞ্চিত করে ভুলে যায় যে নারীশিক্ষা ছাড়া উন্নতির শিখরে পৌঁছানো সম্ভব না। বাংলাদেশের সংবিধানের ১৯ ধারাতে বলা হয়েছে—'সকল নাগরিকদের জন্য সুযোগের সমতা নিশ্চিত;করতে রাষ্ট্র সচেষ্ট হইবেন।' এছাড়া বলা হয়েছে, সুযোগের সমতা, মানুষে মানুষে সামাজিক অর্থনৈতিক অসাম্য বিলোপ করার জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে। কিন্তু রাষ্ট্র কি পেরেছে কার্যকর বাবস্থা নিতে? সরকার নারীশিক্ষার প্রতি জোর দেওয়া সত্ত্বেও নারীশিক্ষা ত্বরান্বিত হচ্ছে না। এর পেছনে অজ্ঞতাই প্রধান কারণ। নারীশিক্ষা ত্বরান্বিত করতে হলে বয়স্কদের শিক্ষা, বাল্যবিবাহ রোধ করা, সরকারি বৃত্তি সঠিক কাজে প্রয়োগ করতে হবে।

**মাহফুজুর রহমান,**
চতর নয়া পাড়া, গাজীপুর